

শিক্ষক চাকরি  
নিরাপত্তা এ্যাক্ট  
প্রণয়নের প্রচেষ্টা  
অব্যাহত থাকবে

— মাওলানা মান্নান

॥ স্টাফ রিপোর্টার ॥

ধর্মমন্ত্রী ও বাংলাদেশ শিক্ষক সমিতি  
ফেডারেশনের মহাসচিব, মাওলানা  
এম, এ, মান্নান শিক্ষকদের সমাজে  
সর্বোচ্চ মর্যাদায় প্রতিষ্ঠিত করা ও  
বেসরকারী শিক্ষক চাকরি নিরাপত্তা  
এ্যাক্ট প্রণয়নের ব্যাপারে তার অব্যাহত  
শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

মাওলানা মান্নান

প্রথম পৃষ্ঠার পর

প্রচেষ্টার কথা পুনর্ব্যক্ত করেছেন।  
তিনি গতকাল ঢাকার একটি হোটেলে  
বাংলাদেশ শিক্ষক সমিতি  
ফেডারেশনের উদ্যোগে তার সম্মানে  
আয়োজিত এক সম্বর্ধনা সভায় ভাষণ  
দেখিলেন।

জনাব আলী রেজার সভাপতিত্বে  
অনুষ্ঠিত উক্ত সম্বর্ধনা সভায়  
অন্যান্যদের মধ্যে প্রিন্সিপ্যাল এ, কে,  
এম, শহিদুল্লাহ, জনাব মাওলানা  
খন্দকার নাসির উদ্দিন, জনাব আবদুস  
সালাম, জনাব শহিদুর রহমান, জনাব  
জোনাব আলী, জনাব কাজী ফারুক  
আহমদ প্রমুখ শিক্ষক নেতৃবৃন্দ বক্তব্য  
রাখেন।

ধর্মমন্ত্রী বলেন, বর্তমান সরকার  
শিক্ষকদের ন্যায্য দাবী-দাওয়ার  
ব্যাপারে সম্পূর্ণ সজাগ রয়েছেন এবং  
ইতিমধ্যেই তার বাস্তব প্রমাণও  
রেখেছেন। তিনি এ ব্যাপারে  
অতীতের মতই তার সংগ্রাম অব্যাহত  
রাখার প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

সম্বর্ধনা সভায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
পরিদপ্তরের মহাপরিচালক জনাব  
আবদুল করিমও বক্তব্য রাখেন।

উল্লেখ করা যেতে পারে, প্রেসিডেন্ট  
এরশাদ দেশের প্রায় তিন লাখ  
শিক্ষকের প্রতিনিধিত্বকারী সংগঠন  
বাংলাদেশ শিক্ষক সমিতি  
ফেডারেশনের চেয়ারম্যান।